দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত

‘পশুপাখি মারবো না, পরিবেশের ক্ষতি করবো না’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের হল রুমে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনা অঞ্চলের আয়োজনে ও বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এই সভার আয়োজন করা হয়।

বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনার মৎস্য বিশেষজ্ঞ মফিজুর রহমান চৌধুরী, কুতুবউদ্দিন মাস্টার, আওয়ামী লীগ নেতা মতিউর রহমান মতি, সেলিম উদ্দিন মাস্টার, হাসান আলী মাস্টার, সাংবাদিক মশিউর রহমান, উদায়ন সংঘের প্রচার সম্পাদক শেখ সাদায়েত হোসেন সহ প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক গোলাম ছারোয়ার নান্নু।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন বিষ্ণূপুর মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক বেলায়েত হোসেন।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য প্রদান করেন নবম শ্রেণীর শিক্ষার্থী আফরোজ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে সুদিপ্ত কুমার সিংহ বলেন, পাখি ও প্রকৃতি পরিবেশের অবিচ্ছেদ্য অংশ। আমাদের দেশে প্রায় ৩৩৭ প্রজাতির দেশীয় পাখি রয়েছে। পাখি হল প্রকৃতির কীটনাশক, এরা কীট-পতঙ্গ ও নোংরা আবর্জনা খেয়ে রোগবালাই দমন করে পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইনে পাখি শিকার, হত্যা, ক্রয়-বিক্রয় ও পাচার করা দণ্ডনীয় অপরাধ। তাই আসুন আমরা সকলে আমদের পরিবেশটাকে সুন্দর রাখতে, নিজের অস্তিত্ব ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বন্যপ্রাণী সংরক্ষণ করি।

জীবননগর সীমান্তে চোরাচালান বিরোধী মতবিনিময় সভা

জীবননগরে গরুব্যবসায়ী, মাদক, চোরাচালান বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলার ৪নং সীমান্ত পরিষদের আয়োজনে সীমান্ত ইউনিয়ন পরিষদের হলরুমে এ আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ মহেশপুর ৫৮-বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল কামরুল আহসান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মহেশপুর ৫৮-বিজিবির সহকারী পরিচালক নজরুল ইসলাম খান।
প্রধান অতিথি বক্তব্যে বলেন, সীমান্ত এলাকা দিয়ে যদি কেউ অবৈধ ভাবে ভারতীয় গরুব্যবসা, মাদক, চোরাচালান করে তা হলে সে যত বড় ক্ষমতাধার হোক না তাকে কোন ছাড় দেওযা হবে না। তার বিরুদ্ধে আইনগত কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এবং এ সমস্থ মাদক ব্যবসায়ী, চোরকারবারীদের বিষয়ে কেউ যদি সুপারিশ করতে আসে তাকেও ছাড় দেওয়া হবে না।
সীমান্ত ইউনিয়ন পরিষদের সচিব শাহিন বাবুর উপস্থাপনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, সীমান্ত ইউপি সদস্য জহুরুল ইসলাম, আঃ সালাম, সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগ নেতা জাকির হোসেন বিশ্বাস প্রমুখ।

দর্শনায় ৪ কেজি গাঁজাসহ ৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়।
পুলিশ জানায় গত শুক্রবার রাত সাড়ে ১০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস আই মোঃ সাইফুল ইসলাম, এস আই খান আব্দুর রহমান, এ এস আই মোঃ মারুফ এবং সঙ্গীয় ফোর্স সহ দর্শনা থানাধীন মদনা পাঠানপাড়া গ্রামের মোঃ ইছাহক (ইশা) এর বসতবাড়ির উঠান হইতে ০৪ (চার) কেজি গাজা সহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, চুয়াডাঙ্গার দর্শনা থানার মদনা(পাঠানপাড়া) মোঃ আশরাফ আলীর ছেলে মোঃ টগর আলী (১৯) ও একই গ্রামের মৃত রহমত উল্লাহর ছেলে মোঃ কিতাবুল (২৮)।
পুলিশ জানায় গ্রেফতার কৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদের প্রতিষ্ঠা বার্ষিকী ও কবি মিলন মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদের প্রতিষ্ঠাবার্ষিকী ও কবি মিলনমেলা- ২০২১ অনুষ্ঠিত হয়েছে। কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের আয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতায় চার্চ অব বাংলাদেশ কার্পাসডাঙ্গা মিশন পল্লির মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের হলরুমে গতকাল শনিবার সকালে নজরুল স্মৃতি সাহিত্য সংসদের ৩য় প্রতিষ্ঠা

বার্ষিকী ও কবি মিলনমেলা অনুষ্ঠানের প্রথম পর্ব সকাল ৯ টার সময় অনুষ্ঠান শুরু করেন। প্রথম পর্বে কবির স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ শেষে র্যালী বের করা হয়।

নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের প্রতিষ্ঠাতা সভাপতি লাভলু হোসেনের সভাপতিত্বে কবি শিমুল ভুঁইয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি ও চলচিত্র শিল্পী এবিএম সোহেল রশিদ।

এছাড়া দ্বিতীয় পর্ব বেলা ৩ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে নজরুল স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক সহ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, বাংলাদেশ বেতার ও টেলিভিশনের গীতিকার শরীফ সাথী, ছড়াকার আহাদ আলী মোল্লা, মাহমুদুল হাসান, খলিলুর রহমান, রমজান আলী, জামিলুর রহমানসহ সাহিত্যক শিল্পী গণ্যমান্য ব্যক্তিবর্গ গণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত অতিথি বৃন্দদের মাঝে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সাহিত্য সংসদের পক্ষ থেকে ক্রেস্ট তুলে দেন।

দামুড়হুদায় ভুট্টা বোঝায় ট্রাকের ধাক্কায় অটো চালক আহত

দামুড়হুদায় ভুট্রা বোঝায় ট্রাকের ধাক্কায় অটো চালক মারাত্মক আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।
জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের ব্র্যাকমোড় নামক স্থানে গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে ট্রাক-অটোরিকশা ধাক্কাতে মারাত্মক ভাবে আহত হয়েছেন অটো চালক।

আহত অটো চালক জিনারুল (২৬) উপজেলার কালিয়াবকরি গ্রামের বদর আলী’ র ছেলে। জিনারুল বর্তমানে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। তার মাথা, চোখ ও কানে মারাত্মক জখম হয়েছে। দুর্ঘটনার পর পর দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থল থেকে ভুট্টা বোঝাই ট্রাক যশোর ট- ১১-১২০১ ও চালক সামিদুল (২৮) কে আটক করেন থানায় নেন। ট্রাকচালক সামিদুল উপজেলার দর্শনার পারকৃষ্টপুর- মদনা গ্রামের আশরাফুলের ছেলে।
দুর্ঘটনায় স্বীকার হওয়া দুমড়ে মুচড়ে যাওয়া ব্যাটারী চালিত অটো গাড়িটি উদ্ধার করে থানাতে নেওয়া হয়েছে।
আহত জিনারুলের শশুরের নিকট থেকে জানা যায়, গতকাল বিকালে চুয়াডাঙ্গা থেকে দামুড়হুদার দিকে আসার পথে দামুড়হুদা ব্র্যাক মোড়ে পৌঁছালে একটি ভুট্টা বোঝাই ট্রাক স্কেল থেকে বার হচ্ছিল। ট্রাকটি মেইন রাস্তায় উঠার সময় হেলপার ছাড়াই রাস্তার অবস্থা না দেখে ট্রাকটি রাস্তায় নামালে ঘটে এ বিপত্তি। এসময় অটোতে বসে থাকা দুজন যাত্রীর কোন সমস্যা না হলেও জামাই জিনারুল পিচের রাস্তায় ছিটকে পড়লে তার মাথা, চোখ ও কানে মারাত্মক জখমহয়। স্থানীয়রা জানান, চার টার দিকে দামুড়হুদা ব্র্যাক মোড় সংলগ্ন চুয়াডাঙ্গা দিক থেকে আসা একটি অটো দামুড়হুদার দিকে যাচ্ছিলেন। এসময় ভুট্টা বোঝাই স্কেল থেকে ভুট্টা ওজন নিয়ে একটি ট্রাক হেলপার ছাড়াই মেইন রাস্তায় নেমে পড়েন তখন অটো গাড়িটির সাথে ট্রাকের জোরে ধাক্কা লাগে। অটোটি দুমড়ে মুচড়ে যায় এবং চালক রাস্তায় ছিটকে পড়ে মারাত্মক ভাবে আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত সহকারী মেডিকেল অফিসার মাহাফুজ রহমান জানান, আহত অটো চালক জিনারুলের মাথায় দুইটি সেলাই দেওয়া হয়েছে। এছাড়াও তার চোখে ও কানে আঘাত লেগেছে। বর্তমানে হাসপাতালে ভর্তি রয়েছেন।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক দুর্ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, ট্রাক ও চালককে আটক করা হয়েছে।

দর্শনা থানায় সেরা পুলিশ পরিদর্শক হলেন -মাহাবুবুর রহমান কাজল

দর্শনায় মাদকদ্রব্য উদ্ধার ও আইন শৃঙ্খলা রক্ষায় কার্যকরী ভূমিকা পালন করায় পুরস্কার পেয়েছেন দর্শনা থানার সুযোগ্য অফিসার ইনচার্জ,জনাব মোঃ মাহাবুবুর রহমান কাজল ২০২১ সালে,জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে মাদকদ্রব্য উদ্ধার সহ বেশ কয়েক জন মাদক ব্যবসায়ীদের আটক করে আইনের আওতায় নিয়ে আসা, গোপন বৈঠক চলাকালীন সময়ে শিবিরের বেশ কয়েকজন কর্মীকে আটক করার সহ আরো অনেক আইন শৃঙ্খলা রক্ষায় জন্য সপ্তম বারের মতো চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসেবে মনোনীত হয়েছেন মোঃ মাহাবুবুর রহমান কাজল। আগামী দিনগুলোতে এই সফলতা ধরে রাখার জন্য চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জনাব, মোঃ জাহিদুল ইসলাম অফিসার ইনচার্জ দর্শনা থানার হাতে উপহার হিসেবে ক্রেস্ট ও সম্মাননা সার্টিফিকেট তুলে দেন।
দর্শনা থানা এলাকায় গরীব ও দুস্থদের মধ্যে খাদ্য সামগ্রী সহ বিভিন্ন অবদান রাখায় তাকে সাধুবাদ জানান পুলিশ সুপার। এ সময় উপস্থিত ছিলেন এ ডি সোনাল এসপি আবু তারেক,অতিরিক্ত পুলিশ হেডকোয়াটার কনক কুমার,চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল, সহ বিভিন্ন থানার কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় মাদ্রাসায় ছাত্রকে বলাৎকার, শিক্ষক আটক

আলমডাঙ্গার পোয়ামারী মাদ্রাসা ছাত্র (১২)কে বলাৎকারের অভিযোগে আবু মুছা নামে এক মাদ্রাসা শিক্ষককে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার দিকে বেলগাছি ইউনিয়নের পোয়ামারী

এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসায় এ ঘটনাটি ঘটে।

মাদ্রাসা ছাত্রের চিৎকারে এলাকাবাসী ছুটে এসে মাদ্রাসা ছাত্রকে উদ্ধার করে শিক্ষক আবু মুছাকে গণধোলায় দেয়।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের পোয়ামারী গ্রামে অবস্থিত এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা। ওই মাদ্রাসায় গত ৩ বছর পূর্বে বেলগাছি গ্রামের রথখোলা পাড়ার জামাল হোসেনের ছেলে আবু মুছা শিক্ষক হিসাবে চাকুরিতে যোগদান করে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে এশার নামাজের পর ওই ছাত্রকে ফুঁসলিয়ে মাদ্রাসা একটি কক্ষে নিয়ে যায়। এ সময় জোরপূর্বক ওই ছাত্রকে বলাৎকার চেষ্টা চালালে মাদ্রাসা ছাত্র চিৎকার দিলে মাদ্রাসার ছাত্রসহ এলাকাবাসী ছুটে যায়।

এলাকাবাসী জানান, রাত প্রায় ৮ টার দিকে মাদ্রাসা থেকে ছাত্রদের চিৎকার শুনে সকলে দৌড়ে মাদ্রাসা প্রাঙ্গণে যায়। এসময় ওই মাদ্রাসায় সকল ছাত্ররা দলবদ্ধ ভাবে ছোটাছুটি করে। তাদের মাঝে একটি শিশু কান্না কন্ঠে তাকে বলাৎকারের ঘটনাটি জানায়। এসময় উৎসুক জনতা মাদ্রাসা শিক্ষককে গণধোলাই দেয়।

এছাড়াও, মাদ্রাসার অনেক ছাত্রের সাথে জোরপূর্বক অনৈতিক কাজ করে বলে অনেক ছাত্র অভিযোগ করে।

পরে, আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে মাদ্রাসা শিক্ষককে আটক করে পুলিশ। গতকাল সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানাযায়।

দর্শনায় ৪ কেজি গাঁজা সহ ৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায় গত শুক্রবার রাত সাড়ে ১০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস আই মোঃ সাইফুল ইসলাম, এস আই খান আব্দুর রহমান, এ এস আই মোঃ মারুফ এবং সঙ্গীয় ফোর্স সহ দর্শনা থানাধীন মদনা পাঠানপাড়া গ্রামের মোঃ ইছাহক (ইশা) এর বসতবাড়ির উঠান হইতে ০৪ (চার) কেজি গাজা সহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, চুয়াডাঙ্গার দর্শনা থানার মদনা(পাঠানপাড়া) মোঃ আশরাফ আলীর ছেলে মোঃ টগর আলী (১৯) ও একই গ্রামের মৃত রহমত উল্লাহর ছেলে মোঃ কিতাবুল (২৮)।

পুলিশ জানায় গ্রেফতার কৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদের প্রতিষ্ঠা বার্ষিকী ও কবি মিলন মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদের প্রতিষ্ঠাবার্ষিকী ও কবি মিলনমেলা-২০২১ অনুষ্ঠিত হয়েছে।

কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের আয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতায় চার্চ অব বাংলাদেশ কার্পাসডাঙ্গা মিশন পল্লির মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের হলরুমে গতকাল শনিবার সকালে নজরুল স্মৃতি সাহিত্য সংসদের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী ও কবি মিলনমেলা অনুষ্ঠানের প্রথম পর্ব সকাল ৯ টার সময় অনুষ্ঠান শুরু করেন। প্রথম পর্বে কবির স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ শেষে র্যালী বের করা হয়।

নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের প্রতিষ্ঠাতা সভাপতি লাভলু

হোসেনের সভাপতিত্বে কবি শিমুল ভুঁইয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি ও চলচিত্র শিল্পী এবিএম সোহেল রশিদ।

এছাড়া দ্বিতীয় পর্ব বেলা ৩ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে নজরুল স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক সহ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, বাংলাদেশ বেতার ও টেলিভিশনের গীতিকার শরীফ সাথী, ছড়াকার আহাদ আলী মোল্লা, মাহমুদুল হাসান, খলিলুর রহমান, রমজান আলী, জামিলুর রহমানসহ সাহিত্যক শিল্পী গণ্যমান্য ব্যক্তিবর্গ গণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত অতিথি বৃন্দদের মাঝে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সাহিত্য সংসদের পক্ষ থেকে ক্রেস্ট তুলে দেন।

দামুড়হুদায় ভুট্টা বোঝায় ট্রাকের ধাক্কায় অটো চালক আহত

দামুড়হুদায় ভুট্রা বোঝায় ট্রাকের ধাক্কায় অটো চালক মারাত্মক আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের ব্র্যাকমোড় নামক স্থানে গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে ট্রাক-অটোরিকশা ধাক্কাতে মারাত্মক ভাবে আহত হয়েছেন অটো চালক।

আহত অটো চালক জিনারুল (২৬) উপজেলার কালিয়াবকরি গ্রামের বদর আলী’ র ছেলে। জিনারুল বর্তমানে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

ভর্তি রয়েছেন। তার মাথা, চোখ ও কানে মারাত্মক জখম হয়েছে।

দুর্ঘটনার পর পর দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থল থেকে ভুট্টা বোঝাই ট্রাক যশোর ট- ১১-১২০১ ও চালক সামিদুল (২৮) কে আটক করেন থানায় নেন। ট্রাকচালক সামিদুল উপজেলার দর্শনার পারকৃষ্টপুর- মদনা গ্রামের আশরাফুলের ছেলে।

দুর্ঘটনায় স্বীকার হওয়া দুমড়ে মুচড়ে যাওয়া ব্যাটারী চালিত অটো গাড়িটি উদ্ধার করে থানাতে নেওয়া হয়েছে।

আহত জিনারুলের শশুরের নিকট থেকে জানা যায়, গতকাল বিকালে চুয়াডাঙ্গা থেকে দামুড়হুদার দিকে আসার পথে দামুড়হুদা ব্র্যাক মোড়ে পৌঁছালে একটি ভুট্টা বোঝাই ট্রাক স্কেল থেকে বার হচ্ছিল। ট্রাকটি মেইন রাস্তায় উঠার সময় হেলপার ছাড়াই রাস্তার অবস্থা না দেখে ট্রাকটি রাস্তায় নামালে ঘটে এ বিপত্তি।

এসময় অটোতে বসে থাকা দুজন যাত্রীর কোন সমস্যা না হলেও জামাই জিনারুল পিচের রাস্তায় ছিটকে পড়লে তার মাথা, চোখ ও কানে মারাত্মক জখমহয়।

স্থানীয়রা জানান, চার টার দিকে দামুড়হুদা ব্র্যাক মোড় সংলগ্ন চুয়াডাঙ্গা দিক থেকে আসা একটি অটো দামুড়হুদার দিকে যাচ্ছিলেন। এসময় ভুট্টা বোঝাই স্কেল থেকে ভুট্টা ওজন নিয়ে একটি ট্রাক হেলপার ছাড়াই মেইন রাস্তায় নেমে পড়েন তখন অটো গাড়িটির সাথে ট্রাকের জোরে ধাক্কা লাগে। অটোটি দুমড়ে মুচড়ে যায় এবং চালক রাস্তায় ছিটকে পড়ে মারাত্মক ভাবে আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত সহকারী মেডিকেল অফিসার মাহাফুজ রহমান জানান, আহত অটো চালক জিনারুলের মাথায় দুইটি সেলাই দেওয়া হয়েছে। এছাড়াও তার চোখে ও কানে আঘাত লেগেছে। বর্তমানে হাসপাতালে ভর্তি রয়েছেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক দুর্ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, ট্রাক ও চালককে আটক করা হয়েছে।